গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

## পরিদর্শন প্রতিবেদন (চলতি প্রকল্প)

পরিদর্শনের তারিখঃ ২৭/০৪/২০১৫

১.০ **প্রকল্পের নাম** : "নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (সংশোধিত)" প্রকল্প।

২.০ **মন্ত্রণালয়/বিভাগ** : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৩.০ **বাস্তবায়নকারী সংস্থা** : জাতীয় মহিলা সংস্থা।

৪.০ **প্রকল্প এলাকা** : সমগ্র দেশের ৪৬টি প্রশিক্ষণ কেন্দ্র।

৫.০ **প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)**

| | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
|---|---|---|---|
| ৫.১) মূল অনুমোদিত : | ১৮৮১.৯৬ | ১৮৮১.৯৬ | - |
| ৫.২) সংশোধিত : | ১৮৮০.০০ | ১৮৮০.০০ | - |

৬.০ **বাস্তবায়নকাল**
৫.১) মূল অনুমোদিত : অক্টোবর, ২০০৮ হতে সেপ্টেম্বর, ২০১৩।
৫.২) সংশোধিত : অক্টোবর, ২০০৮ হতে সেপ্টেম্বর, ২০১৫।

৭.০ **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্যঃ**

৭.১ **পটভূমিঃ**

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী। দেশের সার্বিক উন্নয়নে সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য পুরুষ ও নারীর সমান অংশগ্রহণ আবশ্যক। তা না হলে সুষম উন্নয়ন সম্ভব নয়। অর্থনৈতিক উন্নয়ন ও টেকসই প্রবৃদ্ধি অর্জন করতে হলে দেশের নারী সমাজকে উৎপাদন কাজে লাগাতে হবে। মহিলাদের বিরুদ্ধে সকল বৈষম্য দূরীকরণের লক্ষ্যে প্রণীত জাতিসংঘ সনদে (CEDAW) বাংলাদেশ ১৯৮৪ সালে স্বাক্ষর করেছে। এছাড়া নারী প্রগতির জন্য প্রণীত নীতিমালা, ন্যাশনাল এ্যাকশন প্ল্যান, বেইজিং প্লাটফর্ম ইত্যাদিতে নারীর প্রতি বৈষম্য দূর করা এবং নারীর অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের উপর ব্যাপক জোর দেওয়া হয়েছে। উপরন্তু চলমান দারিদ্র বিমোচন কৌশল ও নারী পুরুষের সমতা, ন্যায্য অধিকার প্রতিষ্ঠার উপর জোর দেওয়া হয়েছে। সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রার অন্যতম অভিষ্ঠ লক্ষ্য হলো নারীর উন্নয়ন ও তাদের ক্ষমতায়ন। গ্রাম ও শহরের প্রান্তিক পর্যায়ের মহিলাগণ শিক্ষাগ্রহণের কম সুযোগ পায়। সেজন্য স্বাস্থ্য, পুষ্টি ও অন্যান্য সকল ক্ষেত্রেই নারীরা পিছিয়ে পড়েছে। শহর অঞ্চলের প্রান্তিক-দরিদ্র মহিলাদেরকে প্রশিক্ষণ দিয়ে আত্ম-কর্মসংস্থানে সহায়তা প্রদানের লক্ষ্যে ১৮৮২.৯৬ লক্ষ টাকা প্রাক্কালিত ব্যয়ে আলোচ্য প্রকল্পটি গত ০৮/১১/২০০৮ তারিখে তৎকালীন মাননীয় পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রাক্কলিত ব্যয় ১৮৮০.০০ লক্ষ টাকা এবং মেয়াদ অক্টোবর, ২০০৮ হতে সেপ্টেম্বর, ২০১৫ নির্ধারণ করে প্রকল্পটি সংশোধন করা হয়। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ২১/০৫/২০১৩ তারিখে সংশোধিত প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হয়।

৭.২ **উদ্দেশ্যঃ**

প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

সকল বিভাগে ৪৬টি বৃত্তিগত প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ২৭,৬০০ জন অনগ্রসর, দরিদ্র, বিত্তহীন, বেকার মহিলাকে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষিত মহিলাদের ঋণ/আর্থিক সহায়তা প্রদান এবং বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের সাথে আত্ম-কর্মসংস্থান ও স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে সংযোগ স্থাপনে সহায়তা প্রদান।

প্রকল্পটির সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

ক) দারিদ্র বিমোচন এবং দরিদ্র, দুঃস্থ ও বিত্তহীন মহিলাদের স্বাবলম্বী করা;
খ) ঘরে দ্রব্যাদি তৈরিতে অভ্যস্থ মহিলাদের উৎপাদনমুখী ও কর্মক্ষম করে তোলা;
গ) মহিলাদের কর্মতৎপর করার লক্ষ্যে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান;
ঘ) উন্নয়ন কর্মযজ্ঞে অংশগ্রহণের লক্ষ্যে মহিলাদের আর্থ-সামাজিক সচেতনতা বৃদ্ধি;
ঙ) মহিলাদের আর্থ-সামাজিক মর্যাদা বাড়ানো এবং প্রয়োজনের সময় আইনী সহায়তা প্রদান;
চ) নারীর ক্ষমতায়ন, অধিকার, দায়িত্ব এবং নেতৃত্ব সম্পর্কে সচেতন করা;
ছ) প্রশিক্ষিত মহিলাদের তৈরি দ্রব্যাদির বাজার সুবিধা সৃজন; এবং
জ) ফলোআপ কর্মসূচীর মাধ্যমে প্রশিক্ষিত মহিলাদের আত্ম-কর্মসংস্থান/কর্মসংস্থান সম্পর্কে ধারণা প্রদান।

৮.০ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

প্রকল্পটির উপর গত ০৯/০৭/২০০৮ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সুপারিশের আলোকে পুনর্গঠিত ডিপিপি ১৮,৮১.৯৬ লক্ষ টাকা ব্যয়ে অক্টোবর, ২০০৮ হতে সেপ্টেম্বর, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য তৎকালীন মাননীয় অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক গত ০৮/১১/২০০৮ তারিখে অনুমোদিত হয়।

৯.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন হতে দেখা যায় যে, জুন, ২০১৪ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১০৭৯.৯২ লক্ষ টাকা যা প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের ৫৭.৪৪% এবং বাস্তব অগ্রগতি ৬০.৭১%। ২০১৪-১৫ অর্থ বছরে প্রকল্পটির অনুকূলে এডিপি'তে বরাদ্দ রয়েছে ৪৫০.০০ লক্ষ টাকা। এপ্রিল, ২০১৫ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৩৪৭.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ৩৩৫.৩৯ লক্ষ টাকা। এপ্রিল, ২০১৫ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৪১৫.৩১ লক্ষ টাকা, যা প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৭৫.২৮% এবং বাস্তব অগ্রগতি ৭৮.৬৭%।

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম | ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | জুন, ২০১৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০১৪-১৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | ২০১৪-১৫ অর্থ বছরের এপ্রিল, ২০১৫ পর্যন্ত অগ্রগতি (%) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | কর্মকর্তাদের বেতন | ৪১৬.৮৪ | ৪৯ | ২৫৬.৮১ | ৪৮ জন | ১০০.০০ | ৪৯ জন | ৭৮.৮১ | ৪৮ জন |
| ২ | সংস্থাপন ব্যয় | ৩১০.৯০ | ৬১ | ১৯৫.৬৫ | ৬০ জন | ৯০.০০ | ৬১ জন | ৬৫.৩২ | ৬১ জন |
| ৩ | প্রশিক্ষণ ভাতা | ৬০৭.৯০ | ২৭৬০০ | ২৯৩.১২ | ১৩৮০০ জন | ১৫৬.০০ | ৬৯০০ জন | ১০৬.৩১ | ৫৭৫০ জন |
| ৪ | প্রশিক্ষণ ও বিক্রয় কেন্দ্র ভাড়া | ২২২.০০ | ৪৭ | ১৩৬.০৯ | ৪৭ টি | ৬০.০০ | ৪৭টি | ৪৮.৬১ | ৪৭ জন |
| ৫ | প্রশিক্ষণ উপকরণ | ১৫২.১০ | ৪৬ | ৮১.৮৯ | ৪৬টি | ৩০.০০ | ৪৬টি | ১৫.৯৭ | ৪৬টি |
| ৬ | যাতায়াত/দৈনিক ভাতা | ৯.৭৬ | থোক | ৬.৬৭ | - | ২.০০ | থোক | ১.৯৮ | থোক |
| ৭ | ডাক | ২.০০ | থোক | ১.১৯ | - | ০.৫০ | থোক | ০.৩৩ | থোক |
| ৮ | টেলিফোন বিল | ৩.০০ | থোক | ২.৪৯ | - | ০.৫০ | থোক | ০.৩৬ | থোক |
| ৯ | প্রধান কার্যালয়ের জন্য বিদ্যুৎ বিল | ৭.৫০ | থোক | ৫.৯০ | - | ১.২০ | থোক | ০.৯০ | থোক |
| ১০ | সিএনজি/জ্বালানী | ১২.৮০ | থোক | ৯.৭৭ | - | ২.৬০ | থোক | ২.২৫ | থোক |
| ১১ | প্রকাশনা, প্রিন্টিং | ৬.০০ | থোক | ৫.০৩ | - | ০.৯০ | থোক | ০.৮৬ | থোক |
| ১২ | ষ্টেশনারী | ৬.০০ | থোক | ৪.৯৭ | - | ১.০০ | থোক | ০.৮২ | থোক |
| ১৩ | টিওটি প্রশিক্ষণ | ৩.৫০ | থোক | ২.৩০ | ৩টি | ০.৮৫ | ১টি | ০.৮৫ | ১টি |
| ১৪ | ফলোআপ প্রশিক্ষণ | ৪.০০ | থোক | ২.৪৯ | ৩টি | ১.০০ | ৩০ জন | ১.৫০ | ১টি |
| ১৫ | ক্লিনিং এক্সেসরিজ ও ক্লিনার | ১০.০০ | ১৫০ | ৬.০৫ | - | ২.৪৫ | থোক | ২.০০ | থোক |
| ১৬ | বিভিন্ন সভার সম্মানী | ৫.৪০ | থোক | ৪.১১ | - | ১.০০ | থোক | ০.৫৭ | থোক |
| ১৭ | মেলা, ডকুমেন্টস | ৩.৫০ | থোক | ১.১৭ | - | ০.৫০ | থোক | ০.৯৯ | থোক |
| ১৮ | মার্কেটিং আউটলেট | ৫.৮০ | থোক | ২.৮১ | - | ১.০০ | থোক | ০.৬৯ | থোক |
| ১৯ | বিবিধ | ৯.৮০ | থোক | ৪.৮৫ | - | ৩.০০ | থোক | ৩.২৩ | থোক |
| ২০ | মেরামত/ সংরক্ষণ | ১০.০০ | থোক | ৮.৫০ | - | ১.৫০ | থোক | ১.২৯ | থোক |

| ক্রঃ নং | ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম | ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | জুন, ২০১৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০১৪-১৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | ২০১৪-১৫ অর্থ বছরের এপ্রিল, ২০১৫ পর্যন্ত অগ্রগতি (%) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২১ | কন্টিনজেন্সী | ৩.২০ | থোক | ৩.২০ | - | - | - | - | - |
| ২২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৩৩.০০ | ৭২৬ | ২৬.৬৮ | ৬৫৮টি | ২.৫০ | ৩৫টি | ০.৪৯ | ১৯টি |
| ২৩ | আসবাবপত্র | ৩৫.০০ | ৯৬৩ | ১৮.১৮ | ৬৬৫টি | ৭.৫০ | ১৪০টি | ১.২৬ | ৪৩টি |
| | মোটঃ | ১৮৮০.০০ | ১০০% | ১০৭৯.৯২ | - | ৪৬৬.০০ | - | ৩৩৫.৩৯ | |

**১০.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

| | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | দায়িত্বের ধরন |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন | উপ-সচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ২৮/০১/২০০৯ | ০৫/০২/২০১৫ | পূর্ণকালীন |
| ২। | নুরুন নাহার হেনা | উপ-সচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০৫/০২/২০১৫ | অদ্যাবধি | পূর্ণকালীন |

**১১.০ প্রকল্প পরিদর্শনঃ**

আইএমইডি কর্তৃক ২৭/০৩/২০১৪ তারিখে প্রকল্পের আওতায় গাজীপুর জেলায় বাস্তবায়নাধীন পোলট্রি উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্প পরিদর্শনের বিস্তারিত বিবরণ নিম্নে প্রদান করা হলঃ

**প্রোলট্রি উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রঃ**

**অবস্থানঃ**

বাড়ী নং ২০/৪, ব্লক-বি, দক্ষিণ ছায়াবিথী, গাজীপুর সদর, গাজীপুর।

**জনবলঃ**

প্রকল্পের আওতায় গাজীপুর জেলায় পোলট্রি উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে ট্রেড প্রশিক্ষক জনাব মুহাম্মদ সিরাজুল ইসলাম সরকার এবং এম এল এস এস/অফিস সহায়ক জনাব মোঃ হাবিবুর রহমান কর্মরত আছেন।

**প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যঃ**

- প্রশিক্ষণের গুণগতমান বৃদ্ধি ও প্রশিক্ষণার্থীদের সুবিধার জন্য সহায়ক কারিকুলামের মাধ্যমে জ্ঞান দান করা;
- প্রতিব্যাচে প্রশিক্ষণ উপকরণ হিসেবে মুরগীর বাচ্চা ক্রয় করে বড় করা হয়। প্রয়োজনীয় ভ্যাকসিন, প্রয়োজনীয় ঔষধপত্রের ব্যবহার ও লালন-পালন সম্পর্কে হাতে-কলমে শিক্ষা দেওয়া হয়;
- নগরভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পের পোলট্রির উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, গাজীপুর জেলা শাখা খোলা হয় ০১ অক্টোবর/২০১২ হতে।
- প্রতিটি ব্যাচ ৪ (চার) মাস মেয়াদী হয়;
- গাজীপুর জেলা শাখায় বাস্তবায়িত প্রশিক্ষণ কাযক্রম নিম্নরুপঃ

  প্রথম ব্যাচঃ ০১ অক্টোবর/২০১২-৩১ জানুয়াররি/২০১৩ পর্যন্ত সকাল ও বিকাল শিফটে মোট (২০+২০) = ৪০

  দ্বিতীয় ব্যাচঃ ০১ ফেব্রুয়ারি/২০১৩ - ৩১ মে/২০১৩ পর্যন্ত সকাল ও বিকাল শিফটে মোট (২০+২০) = ৪০

তৃতীয় ব্যাচঃ ০১ জুন/২০১৩ - ৩০ সেপ্টেম্বর/২০১৩ পর্যন্ত সকাল ও বিকাল শিফ্‌টে মোট (২০+২০) = ৪০

চতুর্থ ব্যাচঃ ০১ অক্টোবর/২০১৩ - ৩১ জানুয়ারি/২০১৪ পর্যন্ত সকাল ও বিকাল শিফ্‌টে মোট (২০+২০) = ৪০

পঞ্চম ব্যাচঃ ০১ ফেব্রুয়ারি/২০১৪ - ৩১ মে/২০১৪ পর্যন্ত সকাল ও বিকাল শিফ্‌টে মোট (২০+২০) = ৪০

ষষ্ঠ ব্যাচঃ ০১ জুন/২০১৪ - ৩০ সেপ্টেম্বর/২০১৪ পর্যন্ত সকাল ও বিকাল শিফ্‌টে মোট (২৫+২৫) = ৫০

সপ্তম ব্যাচঃ ০১ অক্টোবর/২০১৪ - ৩১ জানুয়ারি/২০১৫ পর্যন্ত সকাল ও বিকাল শিফ্‌টে মোট (২৫+২৫) = ৫০

অষ্টম ব্যাচঃ ০১ ফেব্রুয়ারি/২০১৫ - ৩১ মে/২০১৫ পর্যন্ত সকাল ও বিকাল শিফ্‌টে মোট (২৫+২৫) = ৫০





প্রশিক্ষণরত প্রশিক্ষণার্থীগণ

# ১ম-৭ম ব্যাচ পর্যন্ত ৩০০ জন প্রশিক্ষণার্থীর মধ্যে প্রশিক্ষণ প্রদান সফলভাবে সমাপ্ত হয়েছে এবং ৮ম ব্যাচে ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান অবস্থায় রয়েছে।

# উপস্থিত প্রশিক্ষণার্থীদের বর্তমানে দৈনিক ৩০ (ত্রিশ) টাকা হারে মোট হাজিরা হিসেব করে মাস শেষে ভাতা প্রদান করা হয়।

# প্রশিক্ষণার্থীর হাতে-কলমে শিক্ষাদানের জন্য উপযুক্ত পোলট্রি সেড (পোলট্রি পালন ঘর) রয়েছে, যার মধ্যমে পোলট্রি পালন করে ব্যবহারিক জ্ঞান দান করা হয়।

# ৪ মাস মেয়াদী প্রশিক্ষণ দানের পর লিখিত ৪০ নম্বর এবং ব্যবহারিক ৬০ নম্বরের পরীক্ষা গ্রহণ করা হয় এবং উত্তীর্ণদের সার্টিফিকেট প্রদান করা হয়।

## ১২.০ <u>সমস্যাঃ</u>

১২.১ **প্রশিক্ষণার্থীদের অপ্রতুল দৈনিক ভাতাঃ** প্রশিক্ষণার্থীদেরকে দৈনিক ৩০/- টাকা হারে ভাতা প্রদান করা হয়। এ ভাতা বর্তমান বাজারে প্রয়োজনের তুলনায় অপ্রতুল। একজন প্রশিক্ষণার্থীকে তার অনেক কাজ-কর্ম বাদ দিয়ে প্রশিক্ষণ উপলক্ষ্যে দৈনিক প্রায় ৪-৫ ঘন্টা ব্যয় করতে হয়। প্রশিক্ষণার্থীগণ দৈনিক ৬০/- টাকা হারে ভাতা পাওয়ার দাবী করেছেন;

১২.২ **১ (এক) জন সহকারী প্রশিক্ষকের প্রয়োজনঃ** প্রশিক্ষণ কেন্দ্রটিতে ২টি শিফটে ট্রেনিং প্রদান করা হয়। তাছাড়া প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীরা যখন নিজেদের ব্যবসা শুরু করেন তখন মুরগী ঘরের shade তৈরি, মুরগীর বাচ্চার vactination, লেয়ার মুরগীর ক্ষেত্রে জন্ম থেকে ১৪ সপ্তাহের মধ্যে ঠোট কেটে দেয়া ইত্যাদি কাজের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হলে trade

instructor প্রশিক্ষণার্থীদের বাড়িতে গিয়ে সহায়তা করে থাকেন। ট্রেড প্রশিক্ষক এ ক্ষেত্রে Troubleshooter হিসেবে কাজ করে থাকেন। কিন্তু প্রশিক্ষণ কেন্দ্রটিতে বর্তমানে একজন ট্রেড প্রশিক্ষক থাকায় সুষ্ঠুভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা বেশ কষ্টসাধ্য।

১২.৩ **প্রশিক্ষণ উপকরণ সরবরাহ করা হয়নাঃ** প্রশিক্ষণের জন্য "হাস-মুরগী প্রতিপালন ম্যানুয়েল নামক যে বইটি এখানে অনুসরণ করা হয়, তা থেকে প্রয়োজন অনুসারে প্রশিক্ষণার্থীদের ফটোকপি করে বা বোর্ডে লিখে দেয়া হয়। প্রশিক্ষণ উপকরণ হিসেবে ব্যবহৃত বইটি তাদের সরবরাহ করা হয় না; এবং

১২.৪ **প্রশিক্ষণার্থীদের ঋণের ব্যবস্থাঃ** অধিকাংশ প্রশিক্ষণার্থী জানান প্রশিক্ষণ গ্রহণ শেষে আত্ম-কর্মসংস্থানমূলক কার্যক্রম শুরু করার জন্য সহজ শর্তে ঋণের প্রয়োজন।

## ১৩.০ সুপারিশঃ

১৩.১ প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা দৈনিক ৬০ টাকা হারে নির্ধারণ করা যেতে পারে অথবা একজন শ্রমিকের দৈনিক পারিশ্রমিকের ভিত্তিতে নির্ধারণ করা হলে তারা প্রশিক্ষণ গ্রহণের ক্ষেত্রে আরও বেশী উৎসাহী হবেন;

১৩.২ কেন্দ্রটিতে একজন ট্রেড প্রশিক্ষক রয়েছেন। সুষ্ঠুভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার বিষয়টি নিশ্চিত করার জন্য ট্রেনিং সেন্টারটিতে একজন ট্রেড প্রশিক্ষকের পাশাপাশি একজন সহকারী প্রশিক্ষক নিয়োগ দেয়া প্রয়োজন;

১৩.৩ প্রশিক্ষণ উপকরণ হিসেবে সেন্টারটিতে যে বইটি অনুসরণ করা হয় সেটি প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সরবরাহ করা হলে প্রশিক্ষণার্থীগণ আরও বেশী উপকৃত হবে; এবং

১৩.৪ আত্ম-কর্মসংস্থানমূলক কার্যক্রমের জন্য প্রকল্পের অধীনে ঋণ প্রদান কর্মসূচি অন্তর্ভুক্ত করা যেতে পারে, এতে প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে স্বনির্ভরতা অর্জন করতে পারবে।

19.05.15

(ফারজানা হোসেন)
সহকারী পরিচালক